• 1. Define Ethics. (নীতিবিদ্যার সংজ্ঞা দাও।)

উত্তর : উইলিয়াম লিলির (Lillie) মতে—'সমাজে বসবাসকারী মানুষের আচরণের ন্যায়-অন্যায়, ভালোমন্দ বিচারের আদর্শনিষ্ঠ বিজ্ঞান হচ্ছে নীতিবিজ্ঞান।'

• 2. What is the meaning of the word 'Ethics' ? ('Ethics' কথাটির অর্থ কী?)

উত্তর : ইংরাজী 'Ethics' শব্দটি গ্রীক শব্দ। 'Ethica'র অনুরূপ—যা 'Ethos' থেকে এসেছে। 'Ethos' বলতে কোনো বিশেষ জাতি বা সমাজের নৈতিক আদর্শ, রীতিনীতি, ভাবধারা, আচরণকে বোঝান হয়। সেইজন্য Ethics বলতে সমাজস্থ মানুষের রীতিনীতি ও আচরণের মূল্যায়ন বিষয়ক বিজ্ঞানকে বোঝান হয়। অনেক সময় 'Ethics' শব্দটির দ্বারা 'Moral Philosophy'—নীতিদর্শনকেও বোঝান হয়—যা হচ্ছে দর্শনের শাখা এবং নৈতিকতা, নৈতিক সমস্যা ও নৈতিক অবধারণ বিষয়ক দার্শনিক চিন্তন। *(ফ্রাঙ্কেনা—নীতিশাস্ত্র)।*

• 3. What is the main subject matter of Ethics ? (নীতিবিজ্ঞানের প্রধান আলোচ্য বিষয় কী কী ?)

উত্তর : নীতিবিজ্ঞানের প্রধান আলোচ্য বিষয়গুলি হল —(i) মানুষের পরমার্থ বা পরমকল্যাণ, (ii) ঐচ্ছিক ক্রিয়াজনিত আচরণ, উদ্দেশ্য, অভিপ্রায়, (iii) নৈতিক আদর্শ বা মানদণ্ডসমূহ, (iv) নৈতিক বিচার, (v) নৈতিক বাধ্যতাবোধ, ভাবাবেগ (sentiment) ও বিচার-বৃত্তি (বিবেক), (vi) ইচ্ছার স্বাধীনতা ও অন্যান্য স্বীকার্য সত্য এবং (vii) ন্যায়-অন্যায়, কল্যাণ-অকল্যাণ, নৈতিক-অনৈতিক, নৈতিক কর্তব্য, ন্যায়পরতা (justice) প্রভৃতি কতকগুলি মৌলিক প্রত্যয়ের বিশ্লেষণ।

• 4. What is the difference between Descriptive Science and Normative Science ? (বস্তুনিষ্ঠ (বর্ণনামূলক) বিজ্ঞান এবং আদর্শনিষ্ঠ বিজ্ঞানের মধ্যে পার্থক্য কী ?)

উত্তর : বস্তুনিষ্ঠ বা বর্ণনামূলক বিজ্ঞানে নির্দিষ্ট আলোচ্য বিষয়ের বা বস্তুর উৎপত্তি গঠন, স্বরূপ ও কাজের বর্ণনা করা হয় মাত্র, কোনো প্রকার মূল্যায়ন করা হয় না। যেমন—মনোবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়নবিদ্যা প্রভৃতি। যে বিজ্ঞান কোনো মানদণ্ড বা আদর্শ অনুসারে তার আলোচ্য বিষয়ের বা বস্তুর মূল্যায়ন করে, তাকে বলে আদর্শনিষ্ঠ বিজ্ঞান ; যেমন—সৌন্দর্য-বিজ্ঞান, নীতিবিজ্ঞান। বর্ণনামূলক বা বস্তুনিষ্ঠ বিজ্ঞানে ঘটনার বর্ণনা করা হয় বলে তথ্যের অবধারণটিকে বলা হয় বর্ণনামূলক অবধারণ যেমন—জল ২১২° ফারেনহাইট উত্তাপে ফোটে ; অপরপক্ষে মূল্যায়ন করা হয় বলে আদর্শনিষ্ঠ বিজ্ঞানের অবধারণটিকে বলা হয় মূল্য বিষয়ক অবধারণ—যেমন—'রামের সত্যকথা বলা নামক কাজটি ন্যায় বা যথোচিত।'

● 5. **Why Ethics is called Normative Science ?** (নীতিবিজ্ঞানকে কেন আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় ?)

উত্তর : নীতিবিজ্ঞান ন্যায়পরতা ও কল্যাণকে পরমার্থ বা পরম আদর্শরূপে গ্রহণ করে এবং কতকগুলি মানদণ্ডের সাহায্যে মানুষের আচরণের বা ঐচ্ছিক কর্মের ন্যায়-অন্যায় ও চারিত্রিক গুণাবলীর ভালোমন্দ (শুভ/অশুভ) বিচার করে। এজন্য নীতিবিজ্ঞানকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয়।

● 6. **What is the meaning of 'right' and 'wrong' ?** [ন্যায় ও অন্যায় (যথোচিত ও অনুচিত/**right & wrong**) শব্দের অর্থ কী ?]

উত্তর : (a) 'ন্যায়' (যথোচিত) শব্দটি ইংরাজী **'right'** শব্দের প্রতিশব্দ—যা rectus (রেকটাস) নামক ল্যাটিন শব্দ থেকে এসেছে। এর ব্যুৎপত্তিগত অর্থ হচ্ছে সোজা (straight) বা বিধি (নিয়ম) অনুসারে। সুতরাং কোন কাজ হচ্ছে ন্যায় (যথোচিত)—এর অর্থ হল কাজটি (নৈতিক) বিধি বা নিয়মের সঙ্গে সঙ্গতিপূর্ণ। (b) **অন্যায় বা অনুচিত শব্দটি হচ্ছে ইংরাজী 'wrong'** এর প্রতিশব্দ—যা এসেছে 'wring' থেকে। এর অর্থ হচ্ছে মোচড়ান (twist) বা নিয়ম বিরুদ্ধ হওয়া। সুতরাং কোন কাজ, (নৈতিক) নিয়ম বা বিধির বিরুদ্ধ হলে তা হয় অন্যায় (অনুচিত) কাজ।

● 7. **What is the meaning of 'good' and 'bad' ?** [ভালো ও মন্দ (**good and bad**)/ কল্যাণ ও অকল্যাণ/শুভ ও অশুভ বলতে কী বোঝ ?]

উত্তর : (a) **'ভালো হচ্ছে ইংরাজী 'good'**-এর প্রতিশব্দ যা জার্মান শব্দ 'gut' (গাট্) থেকে হয়েছে। এর অর্থ হচ্ছে উদ্দেশ্য বা লক্ষ্য সাধনের ক্ষেত্রে মূল্যবান। যখন মানুষের কোনো কর্ম (যেমন—সত্যকথা বলা), কোন উদ্দেশ্য সাধনের জন্য (যেমন—সর্বাধিক ব্যক্তির সর্বাধিক সুখ লাভের জন্য) মূল্যবান হয়, তখন ঐ কর্মটিকে বলা হয় ভালো। 'কল্যাণ' বা 'ভালো' শব্দটি যেমন উপায় অর্থে ব্যবহৃত হয় তেমনি লক্ষ্য অর্থেও ব্যবহৃত হয়। (b) **মানুষের যে ঐচ্ছিক কাজ (যেমন—চুরি করা) কোন লক্ষ্য সাধনের ক্ষেত্রে (যেমন—সর্বাধিক ব্যক্তির সর্বাধিক সুখ সাধনের জন্য) কার্যকরী হয় না তাকে বলে মন্দ বা অকল্যাণ।**

আধুনিক নীতিবিজ্ঞানীরা অনেক সময় মানুষের চারিত্রিক গুণাবলীর মূল্যায়নের জন্য ভালোমন্দ বিশেষণ ব্যবহার করেন ; যেমন—পরোপকারিতা নামক চারিত্রিক গুণটি ভালো।

● 8. **What do you mean by Highest Good ?** [পরম কল্যাণ (**Highest Good**) কাকে বলে ?]

উত্তর : মানুষ যেটিকে পরম কাম্যবস্তু বা উদ্দেশ্যরূপে গ্রহণ ক'রে, সেটিকে লাভ করার জন্য সমগ্র জীবন নিয়োজিত করে—তাকে বলা হয় পরম কল্যাণ। সুখবাদীদের মতে সুখই হচ্ছে চরম আকাঙ্ক্ষিত বা কাম্যবস্তু, সেইজন্য সুখই হচ্ছে পরম কল্যাণ। অ-সুখবাদীরা প্রজ্ঞা (wisdom), নৈতিক সদ্গুণ (virtue) প্রভৃতিকে পরমকল্যাণ বলে থাকেন।

● 9. **Is Ethics a Practical Science or Art ?** (নীতিবিজ্ঞান কি ব্যবহারিক বিজ্ঞান/প্রয়োগবিদ্যা ?)

উত্তর : নীতিবিজ্ঞান ব্যবহারিক বিজ্ঞান নয় বরং নিছক তাত্ত্বিক আলোচনা—এই অর্থে যে নীতিবিজ্ঞান যে আদর্শ নিয়ে আলোচনা করে—তা লাভ করার জন্য কোনো ব্যবহারিক প্রয়োগবিধি

প্রণয়ন করে না। আবার নৈতিক আদর্শকে বাস্তব জীবনে প্রয়োগের জন্য নীতিবিজ্ঞান কোনো নিয়মকানুন প্রণয়ন করে না বলে একে প্রয়োগবিদ্যা বা Art বলা যায় না।

● 10. Is there any practical utility (use) of Ethics ? (নীতিবিজ্ঞানের কী ব্যবহারিক উপযোগিতা আছে ?)

উত্তর : ম্যাকেঞ্জির মতে নীতিবিজ্ঞান ব্যবহারিক বিজ্ঞান না হলেও, মানুষের ব্যবহারিক জীবনের উপর পরোক্ষভাবে প্রভাব বিস্তার করে থাকে। নীতিবিজ্ঞানের আলোচনা নৈতিক আদর্শ ও ন্যায়, অন্যায়, কল্যাণ (ভালো), অকল্যাণ (মন্দ), ন্যায়পরতা—নৈতিক দায়িত্ব প্রভৃতি কতকগুলি প্রধান বিষয় সম্পর্কে আমাদের ধারণাকে সুস্পষ্ট করে এবং আমাদের নৈতিক অন্তর্দৃষ্টি ও কর্তব্যবোধ জাগ্রত করতে সহায়তা করে।

● 11. What do you mean by Voluntary action and Non-Voluntary action ? [(a) ঐচ্ছিক ক্রিয়া ও (b) অনৈচ্ছিক ক্রিয়া কী ?]

উত্তর : (a) ঐচ্ছিক ক্রিয়া কী ? : আমরা নির্দিষ্ট কোন উদ্দেশ্য লাভের জন্য সচেতন হয়ে উপযুক্ত উপায় নির্বাচন করে যে ক্রিয়াকে সম্পাদন করি তাকে বলে ঐচ্ছিক ক্রিয়া ; যেমন—কোন রোগীর চিকিৎসার জন্য ব্লাড ব্যাঙ্কে রক্ত দান, অপরাধীর শাস্তির জন্য সত্য কথা বলা—প্রভৃতি।

(b) অনৈচ্ছিক ক্রিয়া কী ? : অপরপক্ষে যে ক্রিয়া কোনো ব্যক্তির ইচ্ছার নিয়ন্ত্রণ ছাড়াই বাহ্য উদ্দীপক বা দেহগত উদ্দীপকের প্রভাবে সম্পাদিত হয় তাকে বলে অনৈচ্ছিক ক্রিয়া ; যেমন—পরিপাক ক্রিয়া, গরম পাত্রে হাত লাগলে তৎক্ষণাৎ হাত সরিয়ে নেওয়া প্রভৃতি।